

Implementation of NRCP & RMP & Abuse of AMP & It's Prevention Method





NRCP কর্মপন্থা নির্দেশাবলী- ২০১১ (সংশোধন ২০১২)
NRCP Policy Guideline 2011 (Revision 2012)

NRCP পরিকল্পনা, বাস্তবায়ন ও পর্যবেক্ষণের একটি নীতি নির্দেশনা
A Policy Guideline for NRCP Planning, Implementation & Monitoring

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
Department of Fisheries, Bangladesh

জুন ২০১২
June 2012

জাতীয় রেসিডিউ কন্ট্রোল প্লান (National Residue Control Plan, NRCP) হলো বাংলাদেশে মৎস্য ও মৎস্যপণ্য উৎপাদনের বিভিন্ন পর্যায়ে অবাঞ্ছিত দ্রব্যের অবশিষ্টাংশ (residue) পর্যবেক্ষণের একটি কার্যক্রম।

NRCP-এর লক্ষ্য (Objectives of NRCP)

বাংলাদেশে NRCP এর কার্যক্রমের মাধ্যমে মৎস্য ও মৎস্যপণ্যের মান নিয়ন্ত্রণের লক্ষ্য হলো দূষণের সহনশীল সীমা (Tolerance limit) ও অনুমোদিত দ্রব্যের জন্য MRL-সর্বোচ্চ অবশিষ্টাংশের সীমা মূল্যায়ন করা,

নিষিদ্ধ বা অননুমোদিত পদার্থের অবৈধ ব্যবহার উদঘাটন করা এবং দূষণ অবশিষ্টাংশের উৎস নির্ণয় করা।

এ কার্যক্রমের চূড়ান্ত লক্ষ্য হলো ভোক্তার জন্য বাংলাদেশী মৎস্যপণ্য নিরাপদ করা।

আইনগত পটভূমি (Legal background)

জাতীয় রেসিডিউ কন্ট্রোল প্লান এর উপর ভিত্তি করে জীবিত প্রাণী ও প্রাণিজপণ্যে কিছু নির্দিষ্ট পদার্থ এবং এর অবশিষ্টাংশ পর্যবেক্ষণের ব্যবস্থা করা হয়েছে এবং এই নির্দিষ্ট পদার্থ ও অবশিষ্টাংশ (certain substances and residues) নিয়ন্ত্রণের জন্য নমুনাওয়ার মাত্রা এবং সংখ্যা নির্ধারণ করা হয়েছে।

তদনুসারে, বাংলাদেশ মৎস্য ও মৎস্যপণ্যের গুণগত মান নিয়ন্ত্রণের জন্য নিম্নলিখিত জাতীয় আইনের মধ্যে এই কার্যক্রম প্রবর্তন করেছে:

- মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৯৭ (সংশোধিত, ২০০৮);
- মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন, ২০২০ ;

আইনগত পটভূমি (Legal background)

**Commission Delegated Regulation (EU) 2022/2292 of 6
Sept, 2022**

Parameters that are monitored in NRCP

EU Templates for NRCP

NRCP পরিকল্পনা এবং ফলাফল জমাদান (NRCP Planning and submission of results)

ক) প্রতি বৎসর সব আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ (RCA) বাস্তবায়িত NRCP এর একটি বিস্তারিত তথ্য বিবরণী তৈরি ও নতুন বছরের NRCP নমুনায়নের স্থানসহ নমুনা পরিকল্পনা প্রস্তাব (suggest) করেন এবং পূর্ববর্তী বছরের নমুনা পরীক্ষণের সংকলিত ফলাফলসহ তা কেন্দ্রীয় উপযুক্ত কর্তৃপক্ষের (CCA) এর নিকট ৩১ জানুয়ারির মধ্যে প্রেরণ করেন।

খ) তারপর CCA NRCP এর ফলাফলসমূহ একত্রীভূত করে এবং নতুন NRCP ও পূর্ববর্তী বছরের কর্ম তৎপরতার (exercise) ফলাফল প্রণয়ন করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করেন।

গ) মন্ত্রণালয় ৩১ মার্চের মধ্যে অনুমোদিত পরিকল্পনা এবং পূর্ববর্তী বছরের ফলাফল একত্রে ইউরোপীয় কমিশনের নিকট প্রেরণ করেন।

নমুনা়ন কৌশল (Sampling strategy)

ক) চিংড়ির জন্য নমুনা সংখ্যা মোট জাতীয় উৎপাদনের ভিত্তিতে গণনা করা হয় (Fisheries Resource Survey Statistics, FRSS)।

খ) অঞ্চল ভিত্তিক উৎপাদনের পরিমাণ, সৃষ্ট ঝুঁকি, নন-কম্পায়েন্সের (Non-compliance) সংখ্যা এবং পূর্ববর্তী বছরের রপ্তানি পরিমাণের উপর ভিত্তি করে ৩টি (খুলনা, চট্টগ্রাম ও ঢাকা) আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষের (RCA) মধ্যে নমুনার সংখ্যা বন্টন করা হয়।

গ) ঝুঁকি ভিত্তিক (Risk-based) কৌশল অবলম্বন করে কর্মকর্তাগণ নমুনা সংগ্রহ করার জন্য খামার নির্বাচন করার সময় খামারে উৎপাদিত চিংড়ির পরিমাণ এবং বাণিজ্যিকভাবে উৎপাদিত খাদ্যের ব্যবহার যা অননুমোদিত ঔষধ ব্যবহারের সম্ভাবনা চিহ্নিত করতে পারে এমন ঝুঁকি নির্ণায়ক বিষয়সমূহ বিবেচনা করেন।

নমুনাখন কৌশল (Sampling strategy)

ঘ) নন-কম্পায়েন্সের (Non-compliance) সংখ্যা এবং উৎপাদনের (ঝুঁকি ভিত্তিক কৌশল অবলম্বন) ভিত্তিতে বাগদা/গলদা চিংড়ির নমুনা সংগ্রহের স্থান নির্বাচিত করা হয়।

ঙ) রাসায়নিক দ্রব্যের ব্যবহার এবং মাছ বা চিংড়িতে উক্ত দ্রব্যের রেসিডিউ পাওয়ার সম্ভাব্যতা পর্যালোচনা করা হয়

নমুনাযনের মৌলিক বিষয়াবলী (Fundamental aspects of sampling)

ক) আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ (RCA) UFO/SUFO বা তার প্রতিনিধির সহযোগীতায় যথাযথ অবস্থার অধীনে (under appropriate condition) সরকারি নিয়ন্ত্রণমূলক নমুনা সমূহ সংগ্রহের জন্য সরকারি পরিদর্শক মনোনীত করে।

খ) সরকারি পর্যায়ের নমুনা যন অবশ্যই অজানা, অপ্রত্যাশিত ও অঘোষিত হতে হবে--কোন দিনক্ষণ ঠিক করে করবেন না। আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ (RCA) সকল পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করবেন যাতে আকস্মিক (Surprise) নমুনা যনের সঠিক প্রক্রিয়া প্রতিনিয়ত বজায় রাখা যায়।

গ) অনির্দিষ্ট বিরতি অন্তর অন্তর খামার পর্যায় থেকে নমুনা সংগ্রহ করার কাজ সারা বছর ধরে সম্পাদন করা হয়। ঘ) নমুনা নির্বাচনকালে রেগুলেশনে অন্তর্ভুক্ত রেসিডিউ কন্ট্রোল প্লানকে ক্ষুন্ন করে না এরূপ অন্যান্য প্রাপ্ত তথ্যাবলী বিবেচনা করা হয়। উদাহরণ স্বরূপ, সাম্প্রতিক সময়ে অজানা পদার্থের (Unknown substances) ব্যবহার, বিশেষ কোন অঞ্চলে অজানা রোগের প্রাদুর্ভাব, প্রতারণামূলক কর্মকাণ্ডের ইচ্ছিত ইত্যাদি বিষয় বিবেচনা করা হয়। ঙ) বিশ্লেষণ পদ্ধতির প্রয়োজন অনুযায়ী নমুনার পরিমাণ নির্ধারিত হবে।

নমুনা সংগ্রহ (Collection of samples)

নির্বাচিত খামার থেকে অভিস্ট নমুনা বাছাইয়ের মানদণ্ড:

১. নমুনার জন্য খামার বাছাই স্থানীয়ভাবে প্রাপ্ত তথ্যের উপর বা অন্য কোন প্রাসঙ্গিক তথ্য ব্যবহার করা হয়; যেমন, চিংড়ি বা সাদা মাছ প্রতিপালনে খাদ্য প্রয়োগ ব্যবস্থার (feeding system) ধরনের তথ্য। পরিদর্শক এরপর নমুনায়নের প্রজাতি নির্বাচনের জন্য খামারের সমস্ত মজুদ মৎস্যের মূল্যায়ন করবেন। মূল্যায়ন তৈরির ক্ষেত্রে অন্যান্য জিনিসের মধ্যে নিম্নলিখিত মানদণ্ড প্রয়োগ করা হয়:

- উৎপাদনকারী সম্পর্কে তথ্য;
- ঔষধীয় সক্রিয় উপাদান (Pharmacological active substances) ব্যবহারের ইঙ্গিত;
- সংশ্লিষ্ট খামারে উৎপাদন ব্যবস্থায় কোন নির্দিষ্ট ঔষধীয় সক্রিয় বস্তুর (Pharmacological active substances) ব্যবস্থাপনা বিষয়ে সাধারণ প্রচলিত রীতি (Common practices);

২. নমুনায়নের জন্য গত বছরের দূষণযুক্ত (Non-compliant) খামার প্রথম বিবেচনায় রাখা হয়।

৩. চাষীকে পূর্বে অবহিত না করে খামার পরিদর্শন করা হয়।

৪. নমুনা সংগ্রহ করার সময় একটি খামার থেকে একাধিক নমুনায়ন পরিহারের চেষ্টা করা হয়।

৫. ঔষধীয় (Pharmacological) সক্রিয় উপাদান শনাক্ত করার জন্য রেসিডিউ কন্ট্রোল প্লানের বিধান অনুযায়ী যথাযথ নমুনা সংগ্রহ করা হয়।

৬. একটি সাব-গ্রুপ পরীক্ষার জন্য শুধুমাত্র একটি নমুনা একটি জলাশয় বা খামার থেকে সংগ্রহ করা হয়।

৭. খামার এবং চাষ অনুশীলনের সমস্ত সংগৃহীত তথ্য লিপিবদ্ধ করা হয়।

নমুনার পরিমাণ (Sample quantity)

জাতীয় রেসিডিউ কন্ট্রোল প্লানে নমুনা পরিমাণ কমপক্ষে ১ কেজি; এ পরিমাণ নমুনা পরীক্ষাগারে বিশ্লেষণাত্মক পদ্ধতি সম্পন্ন করার জন্য যথেষ্ট, যা স্ক্রিনিং (screening) ও নিশ্চিত বিশ্লেষণের (confirmatory analyses) জন্য প্রয়োজন হয়। তাছাড়া মৎস্য খাদ্যের জন্য ৫০০ গ্রাম এবং শুটকির জন্য ২৫০ গ্রাম প্রয়োজন হয়।

নমুনার পাত্র (Sample Containers)

১. নমুনার অখলতা এবং ট্রেসিবিলিটি বজায় রাখার জন্য নমুনা সমূহ উপযুক্ত পাত্রে সংগৃহীত হয়। বিশেষ করে, পাত্রগুলি অবশ্যই নমুনা বিয়োজন, আড়দূষণ (cross-contamination) এবং অবনতি প্রতিরোধ সম্পন্ন হতে হবে।
২. পাত্রগুলি দাপ্তরিক রীতিমার্কিত (officially) সিল গালার মাধ্যমে বন্ধ করা হয়। প্রতিটি নমুনা একটি পরিষ্কার রাসায়নিকভাবে নিষ্ক্রিয় পাত্রে রাখা হয়, যা দূষণ হতে বা পরিবহনকালীন ক্ষতি হতে যথেষ্ট সুরক্ষা প্রদান করে।
 - ক) পরিবহন ও সংরক্ষণকালীন নমুনার গঠনগত পরিবর্তন এড়ানোর জন্য প্রয়োজনীয় সমস্ত সতর্কতা অবলম্বন করা হয়।
 - খ) নমুনা সমূহ যতক্ষণ পর্যন্ত পরীক্ষাগারে না পাঠানো হয়, ততক্ষণ পর্যন্ত যথেষ্ট নিম্ন তাপমাত্রায় ফ্রিজারে রাখা

নমুনাযন প্রতিবেদন (Sampling report)

ক) প্রতিটি নমুনাযন পদ্ধতির পর একটি প্রতিবেদন তৈরি করা হয়। নমুনাযন প্রতিবেদনে পরিদর্শক কমপক্ষে নিম্নলিখিত তথ্যগুলি লিপিবদ্ধ করবে:

- i. উপযুক্ত কর্তৃপক্ষের (competent authority) ঠিকানা,
- ii. পরিদর্শক এবং SUFO / UFO এর নাম,
- iii. প্রজাতির নাম,
- iv. নমুনার দাপ্তরিক (official) কোড নাম্বার,
- v. নমুনাযনের তারিখ,
- vi. খামারের মালিক অথবা দ্বায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম ও ঠিকানা,

- vii. মূল খামার মালিকের (farm of origin) নাম ও ঠিকানা,
- viii. খামারের নিবন্ধন নম্বর,
- ix. নমুনাযন করার পূর্বে গত চার সপ্তাহের মধ্যে প্রয়োগকৃত ঔষধের বিবরণ,
- x. যে পদার্থ বা পদার্থ গ্রুপের জন্য পরীক্ষা (substance or substance groups for examination) সম্পন্ন করা হবে তার বিবরণ
- xi. বিশেষ মন্তব্য,
 - খ) নমুনাযন প্রতিবেদন এবং এর অনুলিপি পরিদর্শক, SUFO / UFO বা তার প্রতিনিধির দ্বারা স্বাক্ষরিত হতে হবে। চাষি বা তার প্রতিনিধিকে মূল নমুনাযন প্রতিবেদনে স্বাক্ষর দানের অনুরোধ করা যেতে পারে।
 - গ) মূল নমুনা প্রতিবেদন উপযুক্ত কর্তৃপক্ষের (competent authority) নিকট থাকবে এবং অননুমোদিত (unauthorized) ব্যক্তি এই প্রতিবেদন থেকে তথ্য উদ্ধার করতে না পারার নিশ্চয়তা দেয়া হয়।
 - ঘ) প্রতিটি নমুনাযন একটি অদ্বিতীয় (unique) দাপ্তরিক কোড নম্বর (official code number) দেয়া হয়।

নমুনা প্রতিবেদন (Sample report)

ক) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তৈরি নমুনা প্রতিবেদনে অন্তত নিম্নলিখিত তথ্যসমূহ অন্তর্ভুক্ত করা হয়:

- i. উপযুক্ত কর্তৃপক্ষের (competent authority) ঠিকানা,
- ii. নমুনার অফিশিয়াল অদ্বিতীয় (unique) কোড নম্বর,
- iii. নমুনায়ন তারিখ,
- iv. প্রজাতির নাম,
- v. নমুনা ম্যাট্রিক্স (Sample matrix),
- vi. যে পদার্থ বা পদার্থ গ্রুপের জন্য পরীক্ষা (substances or substance groups for examination) করা হবে তার নাম,
- vii. বিশেষ মন্তব্য।

খ) নমুনার সাথে এই প্রতিবেদন পরীক্ষাগারে জমা দেয়া হয় ।

পরিবহন ও সংরক্ষণ (Transportation and storage)

ক) নমুনা সমূহ সংগ্রহ কেন্দ্র থেকে ইনসুলেটেড বাক্সের (insulated box) মধ্যে বরফ ব্যাগ ব্যবহার করে নিম্ন তাপমাত্রায় পরীক্ষাগারে পরিবহন করা হয়।

খ) যতক্ষণ পর্যন্ত পরীক্ষাগারে না পাঠানো হয় ততক্ষণ নমুনা সমূহ নিম্ন তাপমাত্রায় (< -10 ডিগ্রি সেন্টিগ্রেড) ফ্রিজারে সংরক্ষণ করা হয়। বিশ্লেষণীয় বস্তু বা এনালাইটের (analyte) স্থিতিশীলতার উপর প্রতিকূল প্রভাব এড়ানোর জন্য নমুনা সংগ্রহ থেকে শুরু করে তা পরীক্ষাগার পর্যন্ত পৌঁছানো সময় ১ (এক) সপ্তাহের কম হতে হবে।

গ) সংরক্ষণ ও পরিবহনের সময় নিম্ন তাপমাত্রা বজায় রাখার জন্য এ বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা নমুনার প্যাকেট বা পাত্রের গায়ে লাগিয়ে দিতে হবে।

অনুমোদিত পরীক্ষাগার (Approved laboratories)

ক) অফিসিয়াল রেসিডিউ কন্ট্রোলের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিয়ন্ত্রিত বা অনুমোদিত পরীক্ষাগারে নমুনার বিশ্লেষণ সম্পন্ন করা হয়।

খ) এই পরীক্ষাগারগুলি বৈধ পদ্ধতি (validated methods) ব্যবহার করে; এগুলি ISO 17025 এর শর্তাবলীর উপর ভিত্তি করে উত্তম পরীক্ষাগার কার্যাভ্যাস (Good Laboratories Practices) বাস্তবায়ন করে।

গ) আন্তর্জাতিকভাবে স্বীকৃতমান নিয়ন্ত্রণের মাধ্যমে এ পরীক্ষাগারগুলি বাহ্যিক দক্ষতা পরীক্ষায় (external proficiency tests) অংশগ্রহণ করে।

পরীক্ষাগারের তালিকা

ইতিবাচক ফলাফলের ক্ষেত্রে তদন্ত ব্যবস্থা (Investigation measures in case of positive results)

নিম্নলিখিত বিষয়সমূহ অবশিষ্টাংশের (residue) ইতিবাচক ফলাফল (positive findings) হিসেবে বিবেচনা করা হয়:

- প্রাণি চিকিৎসার ঔষধ পণ্য (Veterinary medicinal products) বা ঔষধীয় সক্রিয় পদার্থের (Pharmacologically active substances) নিষিদ্ধ বস্তু এবং অননুমোদিত বস্তুর উপস্থিতির ক্ষেত্রে; পদার্থের MRL অতিক্রমণের ক্ষেত্রে;
- কিছু নির্দিষ্ট দূষণের সর্বোচ্চ মাত্রা অতিক্রমণের ক্ষেত্রে।

নমুনা তথ্য (Sample information)

যেখানে ইতিবাচক ফলাফলপ্রাপ্ত হয়, আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষের (RCA) অনতিবিলম্বে নিম্নবর্ণিত পদ্ধতিগুলি অনুসরণ করবে:

ক) সমস্ত নন-কম্পায়িং (Non complying) তথ্যসমূহ এ নির্দেশিকা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য এর LCA-এর নিকট প্রেরণ করা হয়।

খ) নন-কম্পায়িং (Non complying) নমুনা পরীক্ষার প্রতিবেদন এ যোগাযোগের সাথে সংযুক্ত করা হয়।

অনুসন্ধান (Investigation):

যেক্ষেত্রে ইতিবাচক ফলাফল প্রাপ্ত হয়, সে ক্ষেত্রে স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ (LCA) একটি পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান সম্পন্ন করবেন;

ক) রেসিডিউ এবং অন্যান্য দূষণের উপস্থিতির কারণ নির্ণয়ের জন্য পণ্যের উৎস খামারে তদন্ত সম্পন্ন করা হয়।

খ) সম্ভাব্য সমস্ত উৎস পথের (Routes) পুঙ্খানুপুঙ্খ তদন্তের মাধ্যমে দূষণের উৎস খোঁজার সমস্ত প্রচেষ্টা নেয়া হয়।

গ) কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অন্যান্য আরো তদন্ত বিবেচনা করবেন।

সংশোধন কার্য এবং গৃহিত পদক্ষেপ (Corrective actions and measures to be taken)

ক) নমুনায় নিষিদ্ধ বস্তু বা অনুমোদিত বস্তু MRL-এর অতিক্রম করলে মূল সাদা মাছ বা চিংড়ির মজুদ খামার থেকে অন্যত্র সরানোর অনুমতি দেয়া যাবে না ।।

খ) স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষের (LCA) উপস্থিতিতে খামারের মাছ/চিংড়ি ধরা হবে এবং FIQC বিধি অনুযায়ী পণ্যের ব্যবস্থাপনা নিষ্পত্তি (Dispose off) করা হয় এবং খামার রেকর্ড বই ও দাপ্তরিক নথিতে তা লিপিবদ্ধ করা হয়।

গ) এই জলাশয়ে পরবর্তী যে কোন মৎস্য চাষ কার্যাবলী স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষের (LCA) প্রতিনিধিদের উপস্থিতিতে শুধুমাত্র সঠিকভাবে জলাশয় শুকিয়ে এবং পুকুর প্রস্তুতি পর্বের পর শুরু করতে হবে। নতুন কার্যক্রমে ব্যবহৃত সমস্ত উপাদান (খাদ্য, পোনা ইত্যাদি) অনুমোদিত উৎস থেকে গ্রহণ করতে হবে এবং তা নথিভুক্ত করতে হবে।

ঘ) পুনরায় নতুন মৎস্য আহরণের আগে স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ (LCA) নমুনা সংগ্রহ এবং পরীক্ষা করবে; শুধুমাত্র যদি ফলাফল নেতিবাচক (negative) হয় তখন পণ্য বাজারজাত করা যাবে।

ঙ) MRPLএর নিচের মাত্রার নিষিদ্ধ পদার্থের উপস্থিতির ক্ষেত্রে স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষের (LCA) দ্বারা একটি তদন্তের মাধ্যমে এরূপ পদার্থের (খাদ্য, ওষুধ ইত্যাদির মাধ্যমে) উৎস অনুসন্ধান করতে হবে। যদি কোন উৎসের প্রমাণ পাওয়া যায়, তবে (ক) থেকে (ঘ) পর্যন্ত বর্ণিত কার্যক্রম অনুসরণ করতে হবে। প্রমাণ পাওয়া না গেলে, চাষ অব্যহত থাকতে পারে।

চ) একই খামারে দূষণের পুনরাবৃত্তি ঘটলে, সেক্ষেত্রে খামার নিবন্ধন বাতিল করা হবে।

ছ) স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষ (LCA) তদন্ত প্রতিবেদন আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষের (RCA) নিকট পাঠাবে।

Investigation Format

প্রতিরোধ কৌশল (Preventive Strategy)

প্রশিক্ষণ এবং কর্মশালার মাধ্যম সচেতনতা সৃষ্টি করা হলো সাধারণ প্রতিরোধ কৌশল; সন্নিহিত এলাকার চাষিদের অংশগ্রহণে এরূপ ধারাবাহিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।

মৎস্য ও মৎস্যপণ্যে রেসিডিউ নিয়ন্ত্রণের জন্য বিদ্যমান আইন ও নীতি নির্দেশনার পুনঃ পর্যালোচনা করা হবে।

কেন্দ্রীয় উপযুক্ত কর্তৃপক্ষ (CCA) প্রাণী চিকিৎসায় নিষিদ্ধ ঔষধীপণ্য সরবরাহ ধারায় (supply chain) প্রবেশ এড়ানোর সকল প্রচেষ্টা গ্রহণ করবে।

প্রশিক্ষণ (Training)

মাঠ পর্যায়ের যারা (LCA) নমুনা যন ও তদন্ত সম্পন্ন করেন, তাদেরকে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হবে। চিংড়ি উৎপাদনকারী জেলাসমূহের আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষের (RCA) সমস্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বছরে অন্ততঃ একবার এরূপ প্রশিক্ষণের আওতায় আনতে হবে।

Thanks

